যুগান্তর

8 FEB 2017
৮৭ 2

# সিংগাইরে বেত্রাঘাতে আহত ৪ ছাত্রীকে বহিষ্কারের সিদ্ধান্ত

**সিংগাইর (মানিকগঞ্জ) প্রতিনিধি**

সিংগাইর উপজেলার জয়মন্টপ উচ্চ বিদ্যালয়ে ৪ ফেব্রুয়ারি প্রধান শিক্ষকের বেত্রাঘাতের ঘটনায় আহত ৪ ছাত্রীকে স্কুল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছেন ম্যানেজিং কমিটি। সোমবার স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মমতাজ বেগম এমপির সভাপতিত্বে বহিষ্কারের এ সিদ্ধান্ত নেয়া হয়। সন্তানদের লেখাপড়া নিয়ে অনিশ্চয়তায় পড়েছেন অভিভাবকরা। সূত্র মতে, ৪ ফেব্রুয়ারি ওই স্কুলের নবম শ্রেণীর মানবিক শাখার ৪ ছাত্রী সাদিয়া আক্তার, শান্তা ইসলাম, হেনা ও সামন্তা উষাকে প্রধান শিক্ষক রাধেশ্যাম সাহা তার কক্ষে ডেকে নেয়। এ সময় তাদের বিরুদ্ধে প্রেম সংক্রান্ত অভিযোগে বেত্রাঘাত করেন। এ খবর এলাকায় ছড়িয়ে পড়লে দুপুর দেড়টার দিকে বহিরাগত লোকজন স্কুলে প্রধান শিক্ষকের কক্ষে ঢুকে ভাঙচুরসহ তাকে মারধর করে। সেই সঙ্গে স্কুলের সহকারী শিক্ষক বাদল বিশ্বাস ও প্রধান শিক্ষকের পুত্র নবম শ্রেণীর ছাত্র অনির্বাণও বহিরাগতদের মারধরে আহত হয়। ওই দিন বিকালে বেত্রাঘাতে আহত ৪ ছাত্রীর মধ্যে গুরুতর সুরাইয়া আক্তার, শান্তা ইসলাম হেনা ও সাদিয়া আক্তারকে সিংগাইর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সোমবার ম্যানেজিং কমিটির সভাপতি কণ্ঠশিল্পী মমতাজ বেগম এমপির সভাপতিত্বে সভায় বেত্রাঘাত প্রাপ্ত ৪ ছাত্রীকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয় বলে সংশ্লিষ্ট সূত্রে প্রকাশ। সূত্র মতে, ওই সভায় ম্যানেজিং কমিটির সদস্য ছাড়াও উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ জাহিদুল ইসলাম, ওসি খোন্দকার ইমাম হোসেন উপস্থিত ছিলেন। ছাত্রীদের বেত্রাঘাতের কথা স্বীকার করে ম্যানেজিং কমিটির সদস্য আবুল কালাম বলেন, সভায় ৪ ছাত্রীকে স্কুল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়েছে। সিংগাইর উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ জাহিদুল ইসলাম বলেন, আমি ম্যানেজিং কমিটির মিটিংয়ের পরে গিয়েছিলাম। যতটুকু জানি প্রধান শিক্ষকের পক্ষ থেকে মামলা করা হয়েছে। তবে ছাত্রীদের পক্ষ থেকে কেউ অভিযোগ নিয়ে আসেনি। এ ব্যাপারে জয়মন্টপ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মমতাজ বেগম এমপি বলেন, ৪ ছাত্রীকে স্কুলে আসা নিষেধ করা হয়েছে। প্রধান শিক্ষকের দায়ের করা মামলার আসামিদের গ্রেফতার করতে পারলে আসল ঘটনাটি জানা যাবে।